



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.২৬০০.০১৩.৩৩.০১১.১৭- ২৬২

তারিখ: ২২.০৭.২০২০

বিষয়ঃ ক্রয় পরিকল্পনা, চুক্তি সম্পাদন নোটিশ প্রকাশকরণ এবং সংক্ষিপ্ত তালিকাভুক্তির অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে PPA-2006 এবং PPR-2008 এ সংশ্লিষ্ট ধারা/বিধি নিম্নোক্তভাবে উল্লেখ রয়েছেঃ

(ক) ক্রয় পরিকল্পনা প্রচার:

- PPA-2006 এর ধারা ১১(৪): “ক্রয়কারী এই ধারার অধীন প্রণীত ক্রয় পরিকল্পনা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রচারের ব্যবস্থা করিবে উক্তরূপ প্রচারের ক্ষেত্রে সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনা অনুসরণ করিবে।”
- PPR-2008 এর বিধি ১৬(৯): “প্রত্যেক অর্থ-বৎসরের শুরুতে ক্রয়কারী, উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর জন্য উপ-বিধি (৭) এর অধীন অনুমোদিত সামগ্রিক ক্রয় পরিকল্পনা ও হালনাগাদকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং রাজস্ব বাজেটের জন্য অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা, উহার নোটিশ বোর্ডে ও প্রযোজ্য ক্ষেত্রে, উহার ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট অধিদপ্তর বা পরিদপ্তর বা সংস্থার ওয়েবসাইটে, বুলেটিন বা রিপোর্ট প্রকাশের ব্যবস্থা করিবে।”
- PPR-2008 এর বিধি ১৬(১১): “ক্রয়কারী, তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার উর্ধ্বের উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর জন্য, উহার সামগ্রিক ক্রয় পরিকল্পনা ও হালনাগাদকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং রাজস্ব বাজেটের জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা সিপিটিইউ-কে অনলাইন (on line) বা অন-লাইন এ সম্ভব না হইলে অফ-লাইন (off-line) মাধ্যমে অবহিত করিবে, যাহা সিপিটিইউ’র ওয়েবসাইটেও নিয়মিতভাবে প্রকাশ করিতে হইবে।”

(খ) চুক্তি সম্পাদন নোটিশ প্রকাশকরণ:

- PPA-2006 এর ধারা ২১(১): “ক্রয়কারী নির্ধারিত ফরমে নোটিশ বোর্ডে অথবা উহার নিজস্ব ওয়েবসাইটে, যদি থাকে, চুক্তি সম্পাদন নোটিশ জারী করিবে এবং নির্ধারিত মূল্যসীমার উর্ধ্বের চুক্তির ক্ষেত্রে চুক্তি সম্পাদনের নোটিশ সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ করিবে।”
- PPR-2008 এর বিধি ৩৭(১): “তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার উর্ধ্বের ক্রয় সংক্রান্ত সকল চুক্তি সম্পাদনের নোটিশ তফসিল-৬ (Schedule-VI) এ বর্ণিত ছকে সিপিটিইউ এর নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করিতে হইবে এবং উক্ত নোটিশ তফসিল-২ এ বর্ণিত সময়ের জন্য ওয়েবসাইটে সংরক্ষণ করিতে হইবে।”
- PPR-2008 এর বিধি ৩৭(২): “তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার নিম্নে চুক্তি সম্পাদনের নোটিশ ক্রয়কারী নোটিশ বোর্ডে এবং উহার নিজস্ব ওয়েবসাইটে, যদি থাকে, প্রকাশ করিতে হইবে এবং উক্ত নোটিশ তফসিল-২ এ বর্ণিত সময়ের জন্য ওয়েবসাইটে সংরক্ষণ করিতে হইবে।”
- PPR-2008 এর বিধি ১২৬(২): “প্রযোজ্য ক্ষেত্রে, ক্রয়কারী উহার ওয়েবসাইটে চুক্তি সম্পাদনকারী পরামর্শকের নাম প্রকাশ করিবে।”
- PPR-2008 এর বিধি ১২৬(৩): “চুক্তিমূল্য তফসিল-২ বর্ণিত পরিমাণের অধিক হইলে, উক্ত চুক্তিসম্পাদন সংক্রান্ত তথ্য [তফসিল-৬ এ প্রদত্ত ছকে] সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।”

(গ) সংক্ষিপ্ত তালিকাভুক্তি অবহিতকরণ:

- PPA-2006 এর ধারা ৫৬(৪): “উপ-ধারা (৩) এর অধীন অনুমোদন প্রাপ্তির পর, ক্রয়কারী আগ্রহ ব্যক্ত করিয়াছে এইরূপ সকল ব্যক্তিকে সংক্ষিপ্ত তালিকায় অন্তর্ভুক্ত হওয়া বা না হওয়ার বিষয়ে অবহিত করিবে।”
- PPR-2008 এর বিধি ১১৫(৯): “ক্রয়কারী কার্যালয় প্রধান অথবা তীহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনপ্রাপ্তির পর, আগ্রহ ব্যক্ত করিয়াছে এইরূপ সকল আবেদনকারীকে সংক্ষিপ্ত তালিকায় অন্তর্ভুক্ত হওয়া বা না হওয়ার বিষয়ে অবহিত করা হইবে।”

বর্ণিতাবস্থায়, সকল ক্রয়কারীকে ক্রয় পরিকল্পনা ও চুক্তি সম্পাদন নোটিশ প্রকাশকরণ এবং সংক্ষিপ্ত তালিকাভুক্তির অবহিতকরণ সংশ্লিষ্ট সকল ধারা ও বিধি যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সিপিটিইউ (টেলিকম) এর দপ্তর	
তারিখ: ২২/০৭/২০২০	
ক্রমসংখ্যা: ৫৪/০১/২৬০০/০১৩/৩৩/০১১/১৭-২৬২	
সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।	
৫৪০৭ ৩০/৭/২০২০	

২২/০৭/২০২০
(মোঃ হাসিবুল মাইমুন)
উপ-পরিচালক (সংগ্রহ)
(অঃপঃদঃ)

বিতরণ (অধীনস্থ সকল ক্রয়কারীকে অবহিত করার জন্য):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (আই/অপারেশন/আরএস/এমএন্ডসিপি/অর্থ), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
- ✓ ৩। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সংশ্লিষ্ট সকল ক্রয়কারীর APP, NOA ও চুক্তি প্রকাশকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (নির্দেশনার অনুলিপি সকল প্রকল্প পরিচালককে জানিয়ে দেওয়ার অনুরোধসহ)।
- ৫। পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (আইটি), বাংলাদেশ রেলওয়ে রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।